**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 03-02-2025** **Desk in Charge : SDG**

**Time: 7-50 P.M.** **Compiling & NR : DSS**

**DEO : Keya Bhowmick**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ বাংলার রেল প্রকল্পগুলি রূপায়ণের জন্য এবছরের বাজেটে কেন্দ্রীয় সরকার ১৩ হাজার ৯৫৫ কোটি টাকা বরাদ্দ করেছে।

# রাজ্যে বিনিয়োগ করা হয়েছে ৬৮ হাজার কোটি টাকা।

# বাংলার ১০১ টি স্টেশনকে 'অমৃত স্টেশন' হিসেবে গড়ে তোলা হচ্ছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন।

২/ পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং হাওড়ার বিস্তীর্ণ অঞ্চলে প্লাবন রোধে 'ঘাটাল মাস্টার প্ল্যান'-এর মূল পর্বের কাজ খুব শীঘ্রই শুরু হতে চলেছে।

৩/ বানতলা চর্মনগরীতে নিকাশি নালা পরিষ্কার করতে নেমে তিন শ্রমিকের মর্মান্তিক মৃত্যুর ঘটনায়, গাফিলতির অভিযোগে ধৃত লেবার কন্ট্রাক্টর আলিমুদ্দিন শেখের শর্ত সাপেক্ষে জামিন মঞ্জুর করেছে বারুইপুর আদালত।

৪/ গিলেন ব্যারি বা (জিবি) সিমড্রোম নিয়ে সতর্কতার অঙ্গ হিসেবে রাজ্য সরকার সব সরকারী হাসপাতাল ও মেডিকেল কলেজে পরিকাঠামোর ওপর নজর দেওয়ার নির্দেশ দিয়েছে।

৫/ বসন্ত পঞ্চমী তিথির দ্বিতীয় দিনে আজও বাংলার ঘরে ঘরে জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা করা হয়।

# পুরুলিয়ার কিছু স্কুলে সরস্বতী পুজো না হওয়ায় বিক্ষোভ দেখান সাধারণ মানুষ।

*************************************************************

এবছর বাংলার রেল প্রকল্পগুলি রূপায়নের জন্য কেন্দ্রীয় সরকার বাজেটে ১৩ হাজার ৯শো ৫৫ কোটি টাকা বরাদ্দ করেছে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন। বাজেটে রাজ্যের প্রাপ্তি নিয়ে আজ সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় রেলমন্ত্রী বলেন, এই পরিমাণ UPA জমানায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী যখন রেলমন্ত্রকের দায়িত্বে ছিলেন তার থেকে তিনগুণ বেশী। তবে বাংলার রেলপ্রকল্পগুলির সফল রূপায়নের জন্য জমি অধিগ্রহনের ক্ষেত্রে রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতা প্রয়োজন।

( বাইট- অশ্বিনী বৈষ্ণো)

শ্রী বৈষ্ণো বলেন, এ রাজ্যে বহু রেলপ্রকল্পের কাজ কেবলমাত্র জমি অধিগ্রহন না করার কারণে আটকে রয়েছে। এর মধ্যে রয়েছে কৃষ্ণনগর- নবদ্বীপ ঘাট, কৃষ্ণনগর-চাপড়া, নৈহাটি–রানাঘাট, নবদ্বীপ ঘাট–নবদ্বীপ ধাম, বালুরঘাট-হিলি, দীঘা–জলেশ্বর প্রভৃতি। রাজনৈতিক মতভেদ দূরে রেখে জনস্বার্থে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি। শ্রী বৈষ্ণো বলেন, রাজ্যের ১০১ টি স্টেশনকে ‘অমৃত স্টেশন’ হিসেবে গড়ে তোলা হচ্ছে। এবারের বাজেটে ১০০ টি অমৃত ভারত ট্রেনের প্রস্তাব রাখা হয়েছে যার মধ্যে বেশ কয়েকটি এরাজ্য থেকে যাতায়াত করবে। স্বল্পপাল্লার দুরত্ব অতিক্রমের জন্য ১৫’টি ‘নবভারত ট্রেন’ চালু করা হবে। ২০২৫-২৬ অর্থবর্ষের বাজেটে যাত্রী সুরক্ষার জন্য ১ লক্ষ ১৬ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এর মধ্যে কবচ, রেলপথ পুনর্নবীকরণ ইত্যাদির কাজ করা হবে। এ প্রসঙ্গে তিনি বলেন, পশ্চিমবঙ্গে ৩ হাজার ৩শো৩৭ কিলোমিটার পথে কবচ ব্যবস্থা গড়ে তোলার কাজ চলছে। কলকাতা মেট্রো প্রসঙ্গে রেলমন্ত্রী জানান, ১৯৭২ সালে মেট্রো পরিষেবার কাজ শুরুর পর থেকে ২০১৪ সাল পর্যন্ত অর্থাৎ ৪২ বছরে মাত্র ২৮ কিলোমিটার রেলপথ তৈরী হয়েছিল। এরপর গত ১০ বছরে আরো ৩১ কিলোমিটার রেললাইনের কাজ হয়েছে। পশ্চিমবঙ্গের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দায়বদ্ধতাই এর প্রমাণ। ইস্ট-ওয়েস্ট মেট্রোর ক্ষেত্রে জমি না মেলায় বরাদ্দের পরিমাণ ৯০৬ কোটি টাকাতেই সীমাবদ্ধ রাখতে হয়েছে বলে উল্লেখ করেন তিনি।

********************

UPA সরকারের রেলমন্ত্রী থাকাকালীন মমতা ব্যানার্জির কাজের সঙ্গে তুলনা টেনে অশ্বিনী বৈষ্ণো সাংবাদিক সম্মেলনে যে মন্তব্য করেছেন, তৃণমূল কংগ্রেস তার সমালোচনা করেছে। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, বাংলার রেল নিয়ে রেলমন্ত্রী মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। তিনি বলেন, যে টাকার অঙ্ক রেলমন্ত্রী বলছেন, বর্তমান সময়ের তুলনায় ওই সময়ে টাকার দাম অনেক কম ছিল। কুণাল ঘোষ জানান, মমতা ব্যানার্জি রেলমন্ত্রী থাকাকালীন রেলের সম্প্রসারণ, উন্নত রেল পরিষেবা, যাত্রী সুরক্ষা প্রভৃতি ক্ষেত্রে যথেষ্ট উন্নতি করেছিলেন।

( বাইট- কুণাল)

দুর্ঘটনা এড়াতে তাঁর সময়েই ‘অ্যান্টি কলিশন ডিভাইস’ আনা হয় বলে শ্রী ঘোষ মন্তব্য করেন। রেলমন্ত্রী যে সহযোগিতা চেয়েছেন, মুখ্যমন্ত্রী সবসময়েই সেই সহযোগিতা করেন বলেও কুণাল বাবু মন্তব্য করেন।

********************

পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং হাওড়ার বিস্তীর্ণ অঞ্চলে প্লাবন রোধে **‘ঘাটাল মাস্টার প্ল্যান’**-এর মূল পর্বের কাজ খুব শীঘ্রই শুরু হতে চলেছে।
এমাসের মাঝামাঝি নাগাদ এই কাজ শুরু হবে বলে সেচ ও জলপথ দপ্তর সূত্রে জানা গেছে। বিভাগীয় মন্ত্রী মানস ভুঁইয়া জানিয়েছেন, মুখ্যমন্ত্রী কেন্দ্রকে এ নিয়ে বারবার চিঠি দেওয়া ও প্রতিনিধি পাঠানো সত্বেও কেন্দ্রীয় সরকার ২০১৫ সাল থেকে এই বাবদ কোনো টাকা দেয়নি। তাই রাজ্য সরকার নিজের টাকাতেই এই ‘ঘাটাল মাস্টার প্লান’ রূপায়িত করবে। এর জন্য খরচ হবে ১’হাজার ২৩৮ কোটি টাকা। ইতিমধ্যেই এবাবদ ৩৪১ কোটি টাকার’ও বেশী খরচ হয়েছে।

অন্যদিকে, উত্তরবঙ্গে গঙ্গা ভাঙন রুখতে ভাঙন প্রবণ ভূতনী, দিয়ারা, রতুয়া-এক ও দু-নম্বর ব্লক এবং ভাঙন প্রবণ সুন্দরবনকে রক্ষা করতে আরো দুটি পরিকল্পনা নিচ্ছে রাজ্য সরকার।

********************

কলকাতায় আগামী বুধবার ৫ ই ফেব্রুয়ারি থেকে বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন শুরুর প্রাক্কালে রাজ্য সরকার আগামীকাল মন্ত্রীসভার বৈঠক ডেকেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে বিকালে নবান্নে এই বৈঠকে সব দপ্তরের মন্ত্রীদের উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। মূলত সম্মেলন সংক্রান্ত বিষয়েই বৈঠকে আলোচনা হবে বলে জানা গিয়েছে। এরপরে মুখ্যমন্ত্রীর নিউটাউনের ইকো পার্কে, শিল্পপতি এবং বিভিন্ন বনিক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে এক চা চক্রে মিলিত হওয়ার কথা রয়েছে।

********************

দক্ষিণ ২৪ পরগণার বানতলার চর্মনগরীতে নিকাশি নালা পরিষ্কার করতে নেমে তিন শ্রমিকের মর্মান্তিক মৃত্যুর ঘটনায় গাফিলতির অভিযোগে ধৃত লেবার কন্ট্রাক্টর আলিমুদ্দিন শেখকে শর্ত সাপেক্ষ জামিন মঞ্জুর করা হয়েছে। তাকে আজ বারুইপুর আদালতে তোলা হয়। গতরাতেই তাকে গ্রেফতার করে পুলিশ।

এদিকে, মুর্শিদাবাদের বাসিন্দা মৃত হাসি ওরফে হাসিবুর রহমান ও ফারজেম শেখের দেহ আগামীকাল লালগোলায় তাদের বাড়িতে নিয়ে যাওয়া হবে।

উল্লেখ্য, লেদার কমপ্লেক্স থানার অন্তর্গত ঐ এলাকায় গতকাল নিকাশি নালা পরিষ্কার করতে নেমে বিষাক্ত রাসায়নিক ও গ্যাসে হাসি, ফার্জেম এবং উত্তর ২৪ পরগণার ন্যাজাটের বাসিন্দা সুমন সর্দারের মৃত্যু হয়।

রাজ্যের পুরমন্ত্রী, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম ঘটনাস্থলে গিয়ে উপযুক্ত তদন্ত করে দোষীদের শাস্তি দেওয়া হবে বলে আশ্বাস দেন। অর্থ সহায়তা বাবদ মৃতদের নিকটাত্মীয়কে রাজ্য সরকার ১০ লক্ষ টাকা দেবে বলেও ঘোষণা করেন তিনি।

এদিকে, SUCI কমিউনিস্ট, বানতলা চর্মনগরীতে তিন ঠিকা শ্রমিকের মৃত্যুর ঘটনায় সংশ্লিষ্ট দপ্তরের যারা এই কাজ দেখভাল করেন, তাঁদের সহ সব ঠিকাদারদের কঠোর শাস্তির দাবী জানিয়েছে।

দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য আজ এক বিবৃতিতে বলেন, তিন ঠিকা শ্রমিকের মৃত্যু আসলে সরকারের প্রাতিষ্ঠানিক খুনের নামান্তর।

********************

গিলেন ব্যারি বা (জিবি) সিমড্রোম নিয়ে সতর্কতার অঙ্গ হিসেবে রাজ্য সরকার সব সরকারী হাসপাতাল ও মেডিকেল কলেজগুলিকে পরিকাঠামোর ওপর নজর দেওয়ার নির্দেশ দিয়েছে।

রোগের বর্তমান অবস্থা নিয়ে স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম গতসন্ধ্যায় শিশু ও স্নায়ু রোগ সহ অন্য বিশেষজ্ঞ চিকিৎসকদের সঙ্গে ভার্চুয়ালী বৈঠক করেন। সেখানেই এই রোগে আক্রান্ত হয়ে নতুন করে কোন মৃত্যুর ঘটনা আটকাতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। ইতমধ্যেই কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে নিউরোলজি বিভাগে সিসিইউ ইউনিট এবং শিশুদের জন্য পেডিয়াট্রিক ইন্টেনসিভ কেয়ার ইউনিটে দুটি করে বেড প্রস্তুত রাখতে বলেছে স্বাস্থ্য দফতর। কোনভাবেই যাতে হাসপাতালগুলিতে ওষুধের সংকট তৈরি না হয়, তা নিশ্চিত করতে হবে। কোন রোগী জিবি সিমড্রোম পজিটিভ হলে সেই তথ্য বাধ্যতামূলকভাবে পাঠাতে হবে স্বাস্থ্য ভবনে।

********************

বসন্ত পঞ্চমী তিথির দ্বিতীয় দিনে আজও বাংলার ঘরে ঘরে জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা করা হয়। আজ তিথির সময় খুবই কম থাকায় সকাল-সকালই সম্পন্ন হয় পুজো। পারিবারিক পুজোর পাশাপাশি বারোয়াড়ি ও ক্লাবে আজ বাগদেবীর আরাধনা করা হয়।

বিভিন্ন জেলাতেও যথাযোগ্য মর্যাদায় আজ বিদ্যাদেবীর আরাধনা করা হয়।

**পূর্ব বর্ধমানের** মন্দিরনগরী কালনায় সরস্বতী পুজো উপলক্ষ্যে চারদিনব্যাপী উৎসব চলছে। দুর্গাপুজোর মতোই এখানে জাঁকজমকপূর্ণভাবে সরস্বতী পুজো অনুষ্ঠিত হয়। এবার এখানে শতাধিক  পুজো হচ্ছে। নজরকাড়া মন্ডপ ও আলোকসজ্জা দেখতে ভিড় জমাচ্ছেন প্রচুর মানুষ।  কোথাও মন্ডপ সজ্জায় ফুটিয়ে তোলা হয়েছে  তিব্বতের বৌদ্ধ

মন্দির, কোথাও বারানসীর বিশ্বনাথ মন্দির, কোথাও বা বৃন্দাবনের প্রেম মন্দির। কোথাও আবার বাঁশ, ঘুড়ি দিয়ে মন্ডপ সাজানো হয়েছে। রয়েছে ডোকরা, টেরাকোটার শিল্পকর্মও। সরস্বতী পুজোকে কেন্দ্র করে বিভিন্ন জায়গায় মেলা বসেছে। আয়োজন করা হয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠানের। অপ্রীতিকর ঘটনা এড়াতে জনবহুল স্থানগুলিতে ড্রোনের সাহায্যে চলছে নজরদারি। বেশ কিছু জায়গায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। গুরুত্বপূর্ণ মোড় এবং পুজো মন্ডপ এলাকায় মোতায়েন করা হয়েছে বাড়তি পুলিশ।

**নদীয়ার কৃষ্ণনগরে** এবার বেশ কিছু থিমের পুজো হয়েছে। এর মধ্যে বিশেষ উল্লেখযোগ্য ৬৪ বছরের পুরনো ত্রিমূর্তি ক্লাবের পুজো। বিশাল এই প্রতিমা স্বর্ণালংকারে সজ্জিত। ১৭৫ বছরের পুরোনো কৃষ্ণনগর AB হাইস্কুলের থিম- আশ্চর্য উদ্ভিদ জগত। কৃষ্ণনগর হাইস্কুলের থিমে উঠে এসেছে মহামায়া। নবোদয় ক্লাবের মন্ডপসজ্জায় ফুটে উঠেছে সন্তানকে নিয়ে বাবা-মায়ের চিন্তা।

অন্যদিকে, সরস্বতী পুজোর সাংস্কৃতিক অনুষ্ঠানকে কেন্দ্র করে **শিলিগুড়ি কলেজে** আজ গন্ডগোল বাধে। কলেজের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে কলেজের দিবা বিভাগে ওই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। কিন্তু তাঁদের প্যান্ডেলের জন্য কমার্স কলেজের মন্ডপ ঢেকে গেছে এই অভিযোগে শুরু ঝামেলা। এমনকি, কমার্স কলেজের পক্ষ থেকে ডে কলেজের অধ্যক্ষকে হুমকি দেওয়া হয় বলে অভিযোগ। এই ঘটনার পর কলেজের পুলিশী নিরাপত্তা আরো বাড়ানো হয়েছে।

********************

**এদিকে, পুরুলিয়ার** কিছু স্কুলে আজ সরস্বতী পুজো না হওয়ায় একাধিক জায়গায় ক্ষোভ ছড়িয়েছে।

বাগমুন্ডি ব্লকের শ্রাবণডি-তে স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ে পুজো না হওয়ায় স্থানীয় মানুষরা ব্যপক ক্ষোভ প্রকাশ করেন। তাঁদের অভিযোগ, সরস্বতী পুজো উপলক্ষ্যে শিক্ষকরা কোনো ব্যবস্থাই করেন নি। শুধু তাই নয়, প্রধান শিক্ষক স্কুলেই আসেন নি। এর প্রতিবাদে তাঁরা স্কুলে তালা ঝুলিয়ে দেন। পরে প্রশাসনিক আধিকারিকদের

মধ্যস্থতায় পুজোর আয়োজন হয়। শিক্ষকদের দাবী, তাঁদের আসতে একটু দেরী হওয়াতেই স্থানীয়রা ক্ষুব্ধ হয়েছেন। প্রধান শিক্ষক অসুস্থ রয়েছেন।

পুরুলিয়া শহরের সুফল পল্লী প্রাথমিক বিদ্যালয়েও পুজো হয়নি।

********************

বসন্ত পঞ্চমী ও সরস্বতী পুজোর আমেজের ছোঁয়া লেগেছে কলকাতা বইমেলাতেও। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পুজো উদযাপনের পর দুপুরের পর থেকেই বইমেলা মুখি হয়েছে কচিকাঁচা, কিশোর কিশোরী, সদ্য যুবরা। সেখান থেকে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

( ভিসি- অভিজিৎ )

*******************************************************************